HEALTHCARE SAFETY INVESTIGATION BRANCH

FAMILY INFORMATION 08-BENGALI

HSIB তদন্ত

পারিবারিক তথ্য

জাতীয় মাতৃত্ব নিরাপত্তা রণকৌশলের অংশ হিসাবে একটি তদন্ত করার জন্য হেল্থকেয়ার সেফ্টি ইনভেস্টিগেশন ব্রাঞ্চ (HSIB)-এর কাছে একটি রেফারাল করা হয়েছে।

আমরা বুঝি আপনার এবং আপনার প্রিয়জনের জন্য এখন সময়টা দুরূহ হতে পারে, আমাদের সাথে সময় নিয়ে কথা বলার জন্য আমরা আপনার কাছে কৃতজ্ঞ। আপনার অভিজ্ঞতা আমাদের জানিয়ে আপনি আমাদের তদন্তকে অবগত করাবেন এবং সবার উপকারের জন্য কোথায় উন্নতি করা যেতে পারে তা দেখতে আমাদের সাহায্য করবেন।

আপনার চুক্তি ছাড়া তদন্তগুলি করা হবে না। আপনি কীভাবে যুক্ত হতে চান তা আপনার ইচ্ছার উপর নির্ভর করে এবং আপনি যে কোনও মুহুর্তে আপনার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারেন

আমাদের মাতৃত্ব তদন্তের বিষয়ে আপনার কিছু প্রশ্ন থাকতে পারে

HSIB কী?

এপ্রিল 2017 থেকে, আমরা ইংল্যান্ডে NHSব্যাপী স্বতন্ত্র তদন্ত পরিচালনা করছি। আমরা একক দোষ দেওয়ার বদলে ব্যবস্থা পরিবর্তনের ওপর নজর দিয়েছি, এবং জাতীয় স্তরে উন্নতি করা আমাদের লক্ষ্য। আমাদের সংস্থা হল NHS ইমপ্রুভমেন্ট আর আমরা স্বাস্থ্য ও সমাজসেবা বিভাগ (Department of Health and Social Care) থেকে অর্থ পাই; তথাপি, আমরা ট্রাস্ট, NHS নিয়ামক এবং অন্য সংগঠনগুলি থেকে আলাদা স্বাধীনভাবে কাজ করি।

HSIB কেন মাতৃত্বের তদন্ত করছে?

HSIB, আমাদের নির্দেশনা মেনে হেলথ্ অ্যান্ড সোশ্যাল কেয়ার দপ্তর থেকে মাতৃত্বের সুরক্ষা উন্নতির জন্য ব্যাপক ও স্বতন্ত্র তদন্ত চালাচ্ছে। আমরা প্রতিটি ক্ষেত্রে কী ঘটেছিল সেই তথ্য নির্ধারণ করব এবং সুপারিশ করব। আমরা আমাদের প্রতিবেদনগুলি থেকে ফলাফল একত্রিত করতে পারি এবং আরও বৃহত্তর শিক্ষণ তৈরি করতে পারি।

আমার শিশু/পরিবারের সদস্যের যা ঘটেছে HSIB কেন তার তদন্ত করছে?

আমাদের নির্দেশাবলী HSIB কে লেবারের পরে জন্মগ্রহণ করেছে সেই সকল বাচ্চাদের (যারা গর্ভধারণের কমপক্ষে 37+ 0 সপ্তাহ সম্পন্ন করেছে) উপর তদন্তের নির্দেশ দেয়, যাদের নীম্নে বর্ণিত একটি ফলাফল রয়েছে:

- **ইন্ট্রাপার্টাম মৃতসন্তান প্রসব** যেখানে লেবারের শুরুতে শিশুটি জীবিত বলে মনে করা হয়েছিল কিন্তু জীবনের কোনও লক্ষণ ছাড়াই তার জন্ম হয়েছিল।

- **প্রারম্ভিক নবজাতকের মৃত্যু!** যখন কোনও কারণে শিশু জন্মের প্রথম সপ্তাহের মধ্যে (0-6 দিন) মারা যায়

- জন্মের প্রথম সাত দিনের মধ্যে মস্তিষ্কে গুরুতর আঘাত ধরাপড়লে, যখন শিশুটির:

  - গ্রেড III হাইপোক্সিক ইস্কেমিক এনসেফালোপ্যাথি (HIE) ধরা পড়ে।

  - থেরাপিউটিক ভাবে শীতল করা হলে (কেবলমাত্র সক্রিয় কুলিংয়ের ক্ষেত্রে)।

  - সেন্ট্রাল টোন হ্রাস পেয়েছিল এবং কোম্যাটোজ ছিল এবং কোনও ধরণের খিঁচুনি ছিল।

আমরা সেই সকল বাচ্চাদের অনুসন্ধান করি না যাদের অবস্থা জন্মগত অসংগতির (কনজেনিটালঅ্যানোমালিজ) ফলে ঘটেছে।

লেবারের সংজ্ঞায় অন্তর্ভুক্ত:

- 4 সেন্টিমিটারেরও কম সার্ভিকাল ডিলেটেশনে প্রসবের সুপ্ত পর্যায় সহ স্বাস্থ্য পেশাদার দ্বারা নির্ধারিত যে কোনও ধরণের প্রসব।

- যখন মহিলাটি ইউনিটকে প্রসবের মধ্যে থাকার কোনও উদ্বেগের কথা জানাতে ডেকেছিলেন, উদাহরণস্বরূপ (তবে এগুলিতেই সীমাবদ্ধ নয়) পেটে ব্যথা, সংকোচন বা সম্ভাব্য ফেটে যাওয়া ঝিল্লি।

- লেবারেরপ্রসবের অন্তর্ভুক্তি।

- যখন প্রাক-প্রসবের ঝিল্লির ফেটে যাওয়ার সম্ভাবনা বা নিশ্চিত হওয়ার পরে বাচ্চাকে জীবিত বলে মনে করা হয়।

আমাদের নির্দেশনার সাথে সামঞ্জস্য রেখে, আমরা নবজাতকদের কেসের তদন্ত করি না যেখানে মা প্রসবে যাননি। উদাহরণস্বরূপ, একটি সিজারিয়ান সেকশন যা মায়ের ঝিল্লি সংকোচন করা বা ফেটে যাওয়ার আগে শুরু হয়েছিল।

আমরা গর্ভবতী থাকাকালীন বা গর্ভাবস্থার শেষের 42 দিনের মধ্যে মহিলাদের সরাসরি বা অপ্রত্যক্ষ মাতৃসংশ্লিষ্ট মৃত্যুরও তদন্ত করব।

প্রত্যক্ষ মৃত্যুর মধ্যে অন্তর্ভুক্তি, বাদ দেওয়া, ভুল চিকিৎসা বা উপরের যে কোনওটির ফলে ঘটে যাওয়া একগুচ্ছ ঘটনা থেকে গর্ভবতী অবস্থার (গর্ভাবস্থা,প্রসবকালএবং প্রসবোত্তর অবস্থা) প্রসূতিগত জটিলতার ফলে জড়িতদের অন্তর্ভুক্তি রয়েছে।

অপ্রত্যক্ষ মৃত্যুর মধ্যে পূর্ববর্তী বিদ্যমান রোগ বা গর্ভাবস্থায় বিকশিত হওয়া রোগ এবং যা সরাসরি প্রসূতির কারণে ফল ছিল না, তবে যা প্রসবকালীন সময়গর্ভাবস্থার শারীরবৃত্তীয় প্রভাবে বেড়ে গিয়েছিল (গর্ভাবস্থার মধ্যে বা গর্ভাবস্থা শেষের 42 দিনের মধ্যে)।

আমরা এমন কিছু প্রসবকালীন মৃত্যুর তদন্ত করতে পারি যা পুরোপুরিভাবে উপরের দুটি বিভাগের সাথে মেলে না।

আমাদের নির্দেশাবলী তে সেইসকল কেসের তদন্ত বাদ থাকে যেখানে আত্মহত্যাই হল মৃত্যুর কারণ

আমি তদন্তে যোগদান করতে না চাইলে কী হবে?

প্রদত্ত পরিচর্যা তদন্ত করার জন্য আমরা আপনার সম্মতি চাই এবং তার যত্ন করি। আপনি আপনার সম্মতি না দিতে চাইলে, বা আপনি এখন সিদ্ধান্ত নিতে পারবেন না আপনার মনে হলে, অনুগ্রহ করে একজন কর্মী সদস্যকে তা বলতে দ্বিধা করবেন না। আপনি আপনার মত বদলাতে পারেন এবং যে কোনও সময়ে আপনার সম্মতি প্রত্যাহার বা সুনিশ্চিত করতে পারেন।

প্রসূতি তদন্ত দল কারা?

এই তদন্তগুলি HSIB কর্মীদের দ্বারা পরিচালিত হয় যারা বিভিন্ন ব্যাকগ্রাউন্ড এবং দক্ষতার সাথে তদন্তের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত করেছেন।

মাতৃত্ব তদন্ত প্রতিবেদন দেখতে কেমন হবে?

তদন্ত প্রতিবেদনে থাকবে অনুসন্ধানের ক্ষেত্র, যা হবে তদন্তের কেন্দ্রবিন্দু। আমরা আপনার সাথে যৌথভাবে তা প্রস্তুত করব। এতে উল্লেখিত থাকবে তদন্তের প্রক্রিয়া, সংগৃহীত প্রমাণ এবং সাংগঠনিক ও জাতীয় উভয় স্তরে উন্নতির জন্য সুপারিশ। প্রতিবেদন চূড়ান্ত হওয়ার আগে আপনি তা পড়ার এবং তার ওপর মন্তব্য করার সুযোগ পাবেন।

সুপারিশগুলির প্রয়োগ নিশ্চিত করার জন্য কে দায়ী হবে?

নিরাপত্তা সুপারিশ তাদের দেওয়া হবে HSIB-এর মতে যারা তা নির্বাহ করতে পারবেন। তা হতে পারে স্থানীয় স্তরে (দ্য ট্রাস্ট) অথবা জাতীয় স্তরে (যেমন রয়্যাল কলেজ বা নিয়ন্ত্রক)।

চূড়ান্ত প্রতিবেদন কারা দেখবেন?

চূড়ান্ত প্রতিবেদন অজ্ঞাত হয় এবং আপনাকে, জড়িত কর্মীদের এবং অন্য প্রাসঙ্গিক সংগঠনগুলিকে তা দেওয়া হয়। উপরন্তু জ্ঞানের মুখ্য ক্ষেত্রগুলি আমাদের ওয়েবসাইটে প্রকাশিত হবে।

আমার HSIB তদন্ত না হলে কী হবে?

আপনার চুক্তি ছাড়া আমরা তদন্ত করতে পারবো না এবং কোনও তদন্ত করার দায়িত্ব ট্রাস্টের কাছে ফিরে যাবে।

আপনি তদন্তকারী দলের কাছ থেকে কী আশা করতে পারেন

- জড়িত মূল ব্যক্তিদের সাথে তদন্তকারী দল কথা বলবে। এটি সাধারণত মুখোমুখি সাক্ষাৎকারের মাধ্যমে করা হয়ে থাকে। যদি আপনি কোনও ভিন্ন উপায়ে জড়িত হওয়া কে সহজ মনে করেন (উদাঃ লিখিতভাবে বা টেলিফোনে), আপনার প্রয়োজন হতে পারে এমন অতিরিক্ত সহায়তা সহ আমরা আপনার সাথে বিভিন্ন বিকল্প নিয়ে আলোচনা করব।

- এই দলে সেই ব্যক্তিরা থাকবেন যারা আপনার এবং আপনার পরিবারের সাথে কথা বলার জন্য নির্দিষ্টভাবে চিহ্নিত এবং প্রশিক্ষিত। আপনাকে তদন্ত দলের সেই সদস্যের বিবরণ দেওয়া হবে যিনি কেবল আপনার যোগাযোগ ব্যক্তি হবেন আর আপনি কীভাবে ওনার সাথে যোগাযোগ করবেন বা ওনাকে বার্তা পাঠাবেন তার বিবরণ দেওয়া হবে।

- আমাদের তদন্তকারীরা সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত কাজ করেন এবং ওনারা সেই দিনই এই সময়ের মধ্যে বার্তার উত্তর দিতে চেষ্টা করবেন। আপনার বরাদ্দ তদন্তকারী ছুটিতে থাকলে আমরা আপনাকে একজন বিকল্প যোগাযোগ ব্যক্তি দেব।

- আপনার সাথে যোগাযোগের সময়ে আমাদের তদন্তকারীরা আপনাকে স্বস্তি দেওয়ার জন্য যথাসাধ্য চেষ্টা করবেন। তারা দেখা করার সময় ও জায়গার সাথে মানিয়ে নিতে পারবেন এবং যোগাযোগ আপনার জন্য সঠিক করার চেষ্টা করবেন। যেমন, আপনার পক্ষে কথা বলার জন্য আপনি অন্য ব্যক্তিকে মনোনীত করতে চাইতে পারেন যখন আপনার মনে হবে আপনি নিজে তা করতে পারবেন না।

- তদন্তের শুরু থেকে শেষ পর্যন্ত তদন্তকারী আপনাকে সাম্প্রতিক রাখবেন।

- তদন্ত শেষ হলে, তদন্তকারী আপনার সাথে যোগাযোগ করবেন ফলাফল জানানোর জন্য, আর খসড়া প্রতিবেদনের ওপর আপনার প্রতিক্রিয়া পাওয়ার জন্য।

- পূর্ণাঙ্গ তদন্ত করতে সময় লাগে। আপনার তদন্ত দল আপনাকে বলতে পারবে তদন্ত প্রক্রিয়া সম্পন্ন করতে আনুমানিক কত সময় লাগবে।

- প্রতিবেদন চূড়ান্ত হয়ে গেলে, আপনি একটি প্রতিলিপি পাবেন যাতে আমাদের সকল নিরাপত্তা সুপারিশ থাকবে।

আপনার থেকে আমদের কী লাগবে

- যা ঘটেছে আমরা আপনাকে তা বলতে বলব যাতে আমরা সকল তথ্য অনুধাবন করতে পারি। আমরা জানি এখন দুরূহ সময় হতে পারে তাই আপনাকে সাহায্য করার জন্য আমরা যথাসাধ্য করব, আর আপনাকে অতিরিক্ত সহায়তার উত্সগুলি জানাবো যেগুলি আপনি ব্যবহার করতে পারবেন।

- আপনার সাথে যোগাযোগ করার জন্য কোন সময় ও স্থান সেরা আমরা সেই বিষয়ে আপনার সাথে আলোচনা করব।

- তদন্তকারীরা যেহেতু তদন্ত যতটা সম্ভব পূর্ণাঙ্গ করতে চাইবেন, তাই আপনার সাথে (বা একজন মনোনীত ব্যক্তির সাথে) একাধিক বার কথা বলতে হতে পারে। যোগাযোগ বিবরণ পাল্টে গেলে (যেমন নতুন ফোন নম্বর), তদন্তকারীদের তা জানানো জরুরি।

অতিরিক্ত তথ্য জানুন

ই-মেল: enquiries@hsib.org.uk
ওয়েবসাইট: www.hsib.org.uk

আপনার তদন্তকারী(দে)র নাম/এবং যোগাযোগের বিবরণ

তদন্তকারীর নাম		
টেলিফোন		
ইমেইল		

আপনার পরিবারের কোন সদস্যের যদি ভিন্ন ভাষায় বা ফরম্যাটে এই লিফলেটি প্রয়োজন হয় তাহলে আপনার তদন্তকারীর সাথে কথা বলুন। HSIB সম্পর্কে আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট ভিজিট করুন; **www.hsib.org.uk**

WWW.HSIB.ORG.UK
@hsib_org